



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/

তারিখঃ /১১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/২৬৯২/৪; তারিখঃ ১২/০৯/২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/১৯৮২/৪; তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ  
৩) স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০৮৬.০০৩.১০.১৪-৫০(সং); তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব নুরুল আমিন মুধার বিরুদ্ধে খরাপ আচরণ, কু-প্রস্তাব দেয়া, ভয়-ভীতি প্রদর্শন, ইভটিজিংসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উক্ত মাদ্রাসার ১০ম শ্রেণির ছাত্রী মারুফা আক্তার উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর বরাবর অভিযোগপত্র দাখিল করেন।

দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্তে অভিযোগের বিষয়টি সত্য মর্মে প্রতীয়মান হয় এবং তদন্তকারী কর্মকর্তা বর্ণিত সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন।

সুপার হিসাবে জনাব নুরুল আমিন মুধার এহেন কার্যকলাপ বেসরকারি মাদ্রাসা শিক্ষক চাকুরিবিধি, ১৯৭৮ অনুসারে পেশাগত অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধের সামিল বিধায় বিদ্যমান বিধি বিধানের আলোকে তাঁর বিরুদ্ধে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ম্যানেজিং কমিটি কর্তৃক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করে সভাপতি যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয় এবং বোর্ডের আদেশ অমান্য করার সামিল।

পরবর্তীতে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে সুপার হিসাবে জনাব নুরুল আমিন মুধার এহেন কার্যকলাপ বেসরকারি মাদ্রাসা শিক্ষক চাকুরিবিধি, ১৯৭৮ অনুসারে পেশাগত অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধের সামিল হওয়ায় বিদ্যমান বিধি বিধানের আলোকে তাঁর বিরুদ্ধে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দকে পুনরায় অনুরোধ করা হয়। এছাড়া ব্যর্থতায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ে সন্তোষজনক জবাব দাখিল করার জন্যও অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সুপার এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই মর্মে নথি দৃষ্টে প্রতীয়মান হয়। এছাড়া কারণ দর্শানোর প্রেক্ষিতেও কোন জবাব দাখিল করা হয়নি। ইতোমধ্যে মাদ্রাসার ১৪ জন শিক্ষক-কর্মচারী ও কমিটির ০৭ জন সদস্য বিদ্যমান কমিটি ভেঙ্গে দেয়ার জন্য আবেদন দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায় সুপার হিসাবে জনাব নুরুল আমিন মুধার পেশাগত অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধের কারণে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করা, কারণ দর্শানোর প্রেক্ষিতে কোন জবাব প্রদান না করা এবং তদন্ত প্রতিবেদনে অভিযোগের বিষয় প্রমানিত হওয়াসহ শিক্ষক-কর্মচারী ও কমিটির সদস্যগণের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৩৬৭/৪/নথি নং- গাজীপুর-১৫৪; তারিখঃ ০৩/১০/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (কটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর।

নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/ ২৭৬০/১

তারিখঃ ১৬/১১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, গাজীপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪